অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার প্রপেল NY ট্রান্সমিশন লাইন সংলগ্ন সম্প্রদায়সমূহকে সমর্থন করার জন্য 43 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ফেডারেল তহবিল ঘোষণা করলেন

মুদ্রাস্ফীতি হ্রাস আইন অনুদান সাউথইস্টার্ন নিউ ইয়র্কের সংস্থান কম থাকা মিউনিসিপ্যালিটিসমূহে টেকসই সম্প্রদায় উদ্যোগকে সমর্থন করবে

শক্তিদক্ষ প্রকল্প, পরিচ্ছন্ন শক্তি শিক্ষা, এবং কর্মীবাহিনী প্রশিক্ষণের জন্য তহবিল

গভর্নর ক্যাথি হোকল এবং সংখ্যাগরিষ্ঠ নেতা শুমার আজকে ঘোষণা করেছেন যে প্রপেল NY এনার্জি (Propel NY Energy) ট্রান্সমিশন লাইন সংলগ্ন সংস্থান কম থাকা সম্প্রদায়সমূহকে লাভবান করতে মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগ (U.S. Department of Energy, DOE) থেকে নিউ ইয়র্ক স্টেট 43 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ফেডারেল তহবিল লাভ করবে। প্রপেল ট্রান্সমিশন লাইনটি হলো একটি 90 মাইলের উদ্ভাবনী বিদ্যুৎ ট্রান্সমিশন প্রকল্প যা লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি এবং ওয়েস্টচেস্টার কাউন্টির কিছু অংশে বিদ্যুৎ গ্রিডের উন্নয়নের মাধ্যমে অফশোর বায়ুসহ পরিচ্ছন্ন শক্তির নির্ভরযোগ্যতা, স্থিতিস্থাপকতা এবং সরবরাহকে উন্নত করবে। নিউ ইয়র্ক ট্রান্সকোয়ের (New York Transco) সাথে লাইনটি তৈরি করা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA) স্থানীয় স্কুল, আবাসন কর্তৃপক্ষ, এবং সম্প্রদায়ের সেবা এজেন্সির মতো স্থানে শক্তিদক্ষ প্রকল্পকে সমর্থন করার জন্য এবং একই সাথে স্বল্প সংস্থান থাকা সম্প্রদায়সমূহের বাসিন্দাদের জন্য পরিচ্ছন্ন শক্তির শিক্ষা এবং কর্মীবাহিনীর প্রশিক্ষণ ও ক্যারিয়ারের সুযোগ বিকাশ করার জন্য প্রপেল NY এনার্জি টেকসই সম্প্রদায় উদ্যোগের (Propel NY Energy Sustainable Communities Initiative) তহবিল ব্যবহার করার পরিকল্পনা করছে।

"সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে এমন একটি নির্ভরযোগ্য পরিচ্ছন্ন শক্তি গ্রিডকে আমরা অগ্রসর করছি।" **গভর্নর হোকল বলেন।** "প্রপেল NY এর মতো ট্রান্সমিশন প্রকল্প আমাদেরকে পরিচ্ছন্ন শক্তির ক্রমবর্ধমান চাহিদা পূরণে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যাতে চরম আবহাওয়াতে গ্রিড স্থিতিস্থাপক থাকে। নিউ ইয়র্ক যখন সবুজ অর্থনীতির গঠন অব্যাহত রেখেছে তখন সম্প্রদায়ের জড়িতকরণকে প্রচার করতে বাইডেন-হ্যারিস প্রশাসনের প্রয়াসের আমরা প্রশংসা করছি।"

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির সম্প্রদায়সমূহের জন্য এই উল্লেখযোগ্য 43 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ সম্ভব হয়েছে মুদ্রাস্ফীতি হ্রাস আইন (Inflation Reduction Act) দ্বারা, যা কংগ্রেসে আমি অগ্রসর করেছি এবং এটি নিউ ইয়র্কে সাশ্রয়ী এবং নবায়নযোগ্য শক্তির একটি যুগের সূচনা করে দিচ্ছে। স্থানীয় স্কুল, আবাসন কর্তৃপক্ষ এবং সম্প্রদায় সেবা এজেন্সির মাধ্যমে তহবিলটি পরিচ্ছন্ন শক্তির শিক্ষাকে সমর্থন করে এবং চাকরির সুযোগ তৈরি করে। মুদ্রাস্ফীতি হ্রাস আইনে এই অত্যাবশ্যকীয় ফেডারেল তহবিলের জন্য লড়াই করে ও তা নিশ্চিত করতে পেরে আমি গর্বিত এবং নিউ ইয়র্কের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership & Community Protection Act) উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য, আমাদের সম্প্রদায়সমূহের জন্য আরো পরিচ্ছন্ন বায়ু এবং পরবর্তী প্রজন্মের জন্য আরো উজ্জ্বল ভবিষ্যতকে সমর্থন করতে গভর্নর হোকল এই তহবিলের সদ্ব্যবহার করছেন। নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিড এবং অর্থনীতিকে রূপান্তরিত করবে এমন পরিচ্ছন্ন শক্তি প্রকল্পকে সমর্থনকারী ফেডারেল বিনিয়োগের জন্য আমি লড়াই অব্যাহত রাখবো।"

বুধবার DOE কর্তৃক 16টি স্টেটের 20টি প্রকল্পকে প্রদত্ত ট্রান্সমিশন সাইটিং এবং অর্থনৈতিক বিকাশ (Transmission Siting and Economic Development) অনুদান হাই ভোল্টেজ, ইন্টারস্টেট ট্রান্সমিশন প্রকল্পের অনুমতিকে ত্বরান্বিত করবে, স্থিতিস্থাপক ও নির্ভরযোগ্য বিদ্যুৎ গ্রিডের গঠনকে ত্বরান্বিত করবে। অর্থদান সংক্রান্ত আলাপ আলোচনার উপর তহবিলের সঠিক পরিমাণ নির্ভর করবে, যার জন্য 120 দিন পর্যন্ত প্রয়োজন হতে পারে। অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান আইনের মাধ্যমে তহবিল সম্ভব করা হয়েছে।

প্রপেল NY এনার্জি টেকসই সম্প্রদায় উদ্যোগ প্রপেল ট্রান্সমিশন লাইনের কাছের স্থানীয় সম্প্রদায়সমূহকে জড়িত করবে, তাদের শক্তি দক্ষতার প্রকল্প, পরিচ্ছন্ন শক্তির প্রশিক্ষণ শিক্ষানবিশি, একটি পরিচ্ছন্ন শক্তির ক্যারিয়ার কর্মসূচি, ভবিষ্যতের শক্তি নেতৃত্বের বৃত্তি, শিক্ষার্থী প্রকৌশল চ্যালেঞ্জ, প্রাপ্তবয়স্কদের শক্তি সাক্ষরতা কর্মসূচি, এবং সবুজ শ্রেণীকক্ষের কর্মসূচি প্রদান করবে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "মুদ্রাস্ফীতি হ্রাস আইনের মাধ্যমে সম্ভব হওয়া এই ট্রান্সমিশন সাইটিং এবং অর্থনৈতিক বিকাশ তহবিলের জন্য নির্বাচিত হতে পেরে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ আনন্দিত। নি ইয়র্কের ট্রান্সমিশন অবকাঠামোর উন্নয়ন করা নিউ ইয়র্কের গ্রিডের স্থিতিস্থাপকতা ও নির্ভরযোগ্যতার জন্য অতি গুরুত্বপূর্ণ, এবং এই ফেডারেল তহবিলটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে প্রপেল NY এনার্জি লাইনের রুট সংলগ্ন স্বল্প সংস্থানসম্পন্ন সম্প্রদায়সমূহ যাতে নিউ ইয়র্কের বিকাশমান শক্তি অর্থনীতির আরো বেশি সুবিধা পেতে পারে।"

নিউ ইয়র্ক ট্রান্সকোয়ের প্রেসিডেন্ট ভিক্টর মুলিন বলেন, "প্রপেল NY এনার্জি রুট সংলগ্নের সম্প্রদায়সমূহের জন্য নতুন সংস্থান নিয়ে আসতে US DOE, NYPA এবং স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে কাজ করতে পেরে নিউ ইয়র্ক ট্রান্সকো সম্মানিত হয়েছে। নিউ ইয়র্কবাসীর জন প্রপেল NY এনার্জি যে বহু সুবিধা, অর্থাৎ আরো নির্ভরযোগ্য একটি গ্রিড, চাকরি ও কর্মীবাহিনীর সুযোগ, অর্থনৈতিক ভিএক্স, এবং সম্প্রদায় ও পরিবেশের সুস্থতা, নিয়ে আসবে তার দারুণ সম্পূরক এই তহবিল।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "আজকে আমরা স্থানীয় পরিচ্ছন্ন শক্তির চাকরির সংখ্যা বৃদ্ধি করা এবং একই সাথে স্বল্প সংস্থানসম্পন্ন নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহে পরিচ্ছন্ন শক্তির নির্ভরযোগ্যতা, স্থিতিস্থাপকতা, এবং সরবরাহ অগ্রসর করার প্রতিশ্রুতি গ্রহণ করছি। DOE এর মাধ্যমে করা এই ফেডারেল তহবিলটি নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শক্তির শিক্ষা এবং চাকরির সুযোগকে সমর্থন করবে। এই তহবিল প্রদানে সাহায্য করতে পেরে আমি গর্বিত এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তি প্রকল্প অগ্রসর করতে ফেডারেল সংস্থানের জন্য লড়াই করা অব্যাহত রাখবো।"

লং আইল্যান্ড, নিউ ইয়র্ক সিটি, এবং ওয়েস্টচেস্টার কাউন্টিজুড়ে বিদ্যমান সরকারি রাইট-অফওয়ে এবং সাবস্টেশন ফ্যাসিলিটি ব্যবহার করে নতুন ভূগর্ভস্থ এবং সাবমেরিন ট্রান্সমিশন লাইন নির্মাণের মাধ্যমে বর্ধিত ট্রান্সমিশন ধারণক্ষমতা দ্বারা বিদ্যুৎ গ্রিডের মেরুদন্ডকে প্রপেল ট্রান্সমিশন লাইনটি আরো দৃঢ় করবে। প্রপেল বাসা ও ব্যবসায় কার্যকর ও ব্যয় সাশ্রয়ী উপায়ে পরিচ্ছন্ন শক্তি প্রদান করবে যা সকল নিউ ইয়র্কবাসীকে লাভবান করবে এবং স্টেটকে এর অতি গুরুত্বপূর্ণ পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অর্জনে সাহায্য করবে। নিয়ন্ত্রক অনুমোদন পাওয়া গেলে, প্রপেল NY এনার্জির নির্মাণ 2026 সালে শুরু হবে এবং 2030 সালে সেবাদান শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

NYPA এবং NY ট্রান্সকো হলো এমন দুইটি নিউ ইয়র্ক প্রতিষ্ঠান যাদের নিউ ইয়র্ক স্টেটে জটিল ট্রান্সমিশন প্রকল্পের নকশা, অনুমতি, নির্মাণকাজ এবং বলিষ্ঠভাবে সম্প্রদায়কে জড়িতকরণের প্রমাণিত ইতিহাস রয়েছে। দেশের সর্ববৃহৎ স্টেট ইউটিলিটি বিদ্যুৎ কর্তৃপক্ষ পুরো নিউ ইয়র্ক স্টেটে 1,550 সার্কিট মাইল ট্রান্সমিশন পরিচালনা করে।NY ট্রান্সকো একটি বেসরকারি, নিউ ইয়র্ক নির্মাতা, তারা নিউ ইয়র্কভিত্তিক বাল্ক ট্রান্সমিশন ফ্যাসিলিটির মালিক ও পরিচালক। উভয় সত্তা অতীতে স্বাধীনভাবে প্রতিযোগিতামূলক ট্রান্সমিশন নিলাম প্রক্রিয়ায় বিজয়ী হয়েছে এবং বর্তমানে পুরো স্টেটজুড়ে পরিচ্ছন্ন শক্তি ট্রান্সমিশন প্রকল্প নির্মাণ করছে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই ক্রান্তিকালীন সময়ের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে পুরো স্টেটে 61টি বৃহৎ আকারের নবায়নযোগ্য এবং ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন

মার্কিন ডলারের বেশি, ভবনের নিঃসরণ হ্রাস করতে 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌরের মাত্রা বৃদ্ধি করতে 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 130টি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), 500টির বেশি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণ নির্মূল করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে সাহায্য করার জন্য পুরো স্টেটের 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ।

NYPA সম্পর্কে

NYPA হল দেশের বৃহত্তম স্টেট সরকারি পাওয়ার অর্গানাইজেশন, এটি 17টি উৎপাদনকারী ফ্যাসিলিটি এবং 1,550 সার্কিট মাইলের বেশি ট্রান্সমিশন লাইন পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov দেখুন
এবং টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন এ আমাদেরকে অনুসরণ করুন।

নিউ ইয়র্ক ট্রান্সকো সম্পর্কে

নিউ ইয়র্ক ট্রান্সকো হলো বাল্ক পাওয়ার ট্রান্সমিশন ফ্যাসিলিটির একটি নিউ ইয়র্ক ভিত্তিক মালিক, পরিচালক এবং নির্মাতা যাদের মিশন হলো নিরাপদে ও কার্যকরভাবে এমন বিদ্যুৎ ট্রান্সমিশন সমাধান প্রদান করা যা গ্রাহক, সম্প্রদায় ও পরিবেশকে সেরা সেবাদান করার জন্য পরিচ্ছন্ন শক্তিকে অগ্রসর করবে। নিউ ইয়র্ক ট্রান্সকোর মালিক হলো কন এডিসন, জাতীয় গ্রিড, অ্যাভানগ্রিড, এবং CH এনার্জি গ্রুপের সাবসিডিয়ারি। সম্পূর্ণ হওয়া প্রকল্পের মধ্যে রয়েছে রামপাও থেকেই রক ট্যাভার্ন, ফ্রেজার্স-কুপার্স কর্নার্স এবং স্ট্যাটেন আইল্যান্ড অনবটলিং। নিউ ইয়র্ক ট্রান্সকো বর্তমানে হাডসন ভ্যালিতে নিউ ইয়র্ক এনার্জি সলিউশন, অরেঞ্জ কাউন্টিতে রক ট্যাভার্ন থেকে সুগারলোফ প্রকল্প এবং নিউ ইয়র্কের ডোভারে ডোভার স্টেশন প্রকল্প নির্মাণ করছে। আরো তথ্যের জন্য ভিজিট করুন www.NYTransco.com।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন